


ঢাকা ওয়াসা


- ১। মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
 ২। পিডব্লিউডি রোট সিডিউল ও পূর্বানুমোদিত দরের কপি।
 ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়ঃ Repair, maintenance & Installation of CCTV Camera of CWTP area under MODS Zone-2, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট পানি শোধনাগার একটি কে পি আই স্থাপন এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত। সেই কারনে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) কর্তৃক প্লান্টের মনিটরিং ও নিরাপত্তা ব্যবস্থা যথাযথ রাখার নির্দেশনা রয়েছে। এছাড়া প্লান্টের মূল্যবান বৈদ্যুতিক ও যান্ত্রিক মালামাল প্লান্টের অভ্যন্তরে খোলা আকাশের নিচে রক্ষিত থাকে। প্রসেস কেমিক্যাল হিসেবে ব্যবহৃত ক্লোরিন, এলাম, লাইম প্রভৃতি প্রসেস কেমিক্যাল বহনকারী ট্রাক, মিনিট্রাক রাতের বেলায় মালামাল পরিবহন, লোডিং আনলোডিং করে থাকে ফলে স্টোর রুমের বাহিরের মূল্যবান মালামাল চুরি/হারিয়ে যাবার সম্ভাবনা থাকে। সেই কারনে প্লান্টের বিভিন্ন লোকেশনের কার্যক্রম পর্যবেক্ষণ ও সুষ্ঠু নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করনের লক্ষ্যে প্লান্ট কম্পাউন্ডে ২৮ টি আই পি ক্যামেরা স্থাপন করা হয়েছে। যা টিভি মনিটরের মাধ্যমে উক্ত লোকেশনের কার্যক্রম মনিটরিং করা যাচ্ছে। ২০২৩ সালে উক্ত আইপি ক্যামেরাগুলো স্থাপন করা হয়েছিল। দীর্ঘদিন ধরে ব্যবহারের ফলে আইপি ক্যামেরাসহ কিছু স্পেয়ার পার্টসে ত্রুটি দেখা দিচ্ছে। সেই কারনে ক্যামেরা পরিবর্তন সহ স্পেয়ার পার্টস ক্রয়সহ মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং করা প্রয়োজন। সেই আলোকে ই-জিপিতে প্রাপ্ত দর ও পিডব্লিউডি রোট সিডিউডের দরের ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন তৈরি করা হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-৩ দ্রঃ)। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে টা: ৪,৯৬,৭৫৮.২১৬ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আটান দশমিক দুই এক ছয়) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সিরিয়াল নং-১০৭, প্যাকেজ নং- ডব্লিউ-২২ এ ধরা আছে।


২। এমতাবস্থায়, Repair, maintenance & Installation of CCTV Camera of CWTP area under MODS Zone-2, Dhaka WASA কাজটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা-২০২৫ অনুসরনে LTM(e-GP) পদ্ধতিতে সম্পাদনের জন্য সর্বমোট ট= ৪,৯৬,৭৫৮.২১৬ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আটান দশমিক দুই এক ছয়) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।



 ১৪/০৫/২৬
 মোঃ ওমর ফারুক
 উপ-সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা


 ১৪/০৫/২৬
 মোঃ ইলিয়াস হোসেন
 সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা


 ১৪/৫/২০২৬
 মোহাম্মদ নজরুল ইসলাম
 নির্বাহী প্রকৌশলী
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা।



 ১৪/০৫/২৬


 ১৭.০৫.২৬
 মোঃ ফিরোজ আলম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।



৩। প্রস্তুত অনুমোদিত।

Xen, zone 01


 ১৭/০৫/২৬
 প্রস্তুতকৃত
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।